

এইমাত্র পাওয়া →

'সরকারের ইচ্ছের বাইরে নির্বাচনের ফলাফল হচ্ছে না' (https://www.manobkantha.com.bd/রাজনীতি/471311/সরকারের-ইচ্ছের-বাইরে-নির্বাচনের-ফলাফল-হচ্ছে-না)

🏠 (https://www.manobkantha.com.bd/) > শিক্ষাদান (https://www.manobkantha.com.bd/category/campus/9)

## র‍্যাঙ্কিংয়ে এশিয়ার সেরা ২০০ বিশ্ববিদ্যালয়ে নর্থ সাউথ ইউনিভার্সিটি



6  
Shares

🖨️ Print (https://www.manobkantha.com.bd/news/printpost/468974)

Daily Manobkantha (https://www.facebook.com/DailyManobkantha/)

👤 অনলাইন ডেস্ক 📅 ২৪ জুন ২০২৩, ২০:০২, আপডেট: ২৪ জুন ২০২৩, ২০:২৪

মর্যাদাপূর্ণ টাইমস হায়ার এডুকেশনের (টিএইচই) র‍্যাঙ্কিংয়ের এশিয়ার সেরা ২০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান লাভ করেছে বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)।

৩১টি অঞ্চলের ৬৬৯টি বিশ্ববিদ্যালয়কে অন্তর্ভুক্ত করে তৈরি করা এই র‍্যাঙ্কিংয়ে ঢাবি ১৮৬তম ও নর্থ সাউথ ১৯২তম স্থানে রয়েছে।

পারফরম্যান্স ভালো হওয়ায় নর্থ সাউথ ইউনিভার্সিটি প্রথমবারের মতো এ র‍্যাঙ্কিংয়ে জায়গা পেল।

এবার র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের ১৫টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। গতবার স্থান পেয়েছিল ৬টি বিশ্ববিদ্যালয়।

এ বছরও র‍্যাঙ্কিংয়ে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে শীর্ষে আছে চীনের সিংহিয়া বিশ্ববিদ্যালয় এবং পিকিং বিশ্ববিদ্যালয়। এ নিয়ে টানা চারবার শীর্ষস্থান দখল করল বিশ্ববিদ্যালয় দুটি।

চীনের মূল ভূখণ্ডের চারটি বিশ্ববিদ্যালয় শীর্ষ ১০-এ স্থান পেয়েছে। এছাড়া এশিয়ার সেরা দেশের মধ্যে হংকংয়ের তিনটি, সিঙ্গাপুরের দুটি ও জাপানের একটি বিশ্ববিদ্যালয় রয়েছে।

শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয় তালিকায় বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় স্থান না পেলেও, প্রতিবেশী দেশ ভারতের ৪টি ও পাকিস্তানের ১টি বিশ্ববিদ্যালয় আছে। শীর্ষ ২০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় পাকিস্তানের ১০টি ও ভারতের ১৮টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে।

এ বছর ১৩টি বিষয়কে পারফরম্যান্স ইন্ডিকেটর বিবেচনায় নিয়ে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রস্তুত করা হয়েছে।

মানবকণ্ঠ/এসআরএস

(<https://www.facebook.com/Poisa-Bazar-396781947605574/>)

**ম** Daily Manobkantha  
YouTube

## আরো সংবাদ



জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে অনার্স করার সুযোগ (<https://www.manobkantha.com.bd/campus/471290/>  
জাতীয়-বিশ্ববিদ্যালয়ের-মূল-ক্যাম্পাসে-অনার্স-করার-সুযোগ)



শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি বাতিলের আদেশ জারি (<https://www.manobkantha.com.bd/campus/471147/>  
শিক্ষাপ্রতিষ্ঠানে-গ্রীষ্মকালীন-ছুটি-বাতিলের-আদেশ-জারি)



হাবিপ্রবি ক্যাম্পাসে ছাত্রলীগ-বিএনপির সংঘর্ষ (<https://www.manobkantha.com.bd/campus/471112/>হাবিপ্রবি-  
ক্যাম্পাসে-ছাত্রলীগ-বিএনপির-সংঘর্ষ)



শিক্ষাপ্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ছুটি বাতিল (<https://www.manobkantha.com.bd/campus/471098/>শিক্ষাপ্রতিষ্ঠানের-  
গ্রীষ্মকালীন-ছুটি-বাতিল)



কুবিতে কমেছে বাজেট, বেড়েছে গবেষণার বরাদ্দ (<https://www.manobkantha.com.bd/campus/471080/>কুবিতে-  
কমেছে-বাজেট-বেড়েছে-গবেষণার-বরাদ্দ)



ইবির ৫ শিক্ষার্থীকে ১ বছরের বহিষ্কারাদেশ বিধিসম্মত হয়নি: হাইকোর্ট  
(<https://www.manobkantha.com.bd/campus/471079/>ইবির-৫-শিক্ষার্থীকে-১-বছরের-বহিষ্কারাদেশ-বিধিসম্মত-  
হয়নি-হাইকোর্ট)

